

৪৪

বিনামূল্যে বই পাবে ১৯ ক্যাটাগরির প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা

ইত্তেফাক রিপোর্ট
প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের বিনামূল্যে বই পাবে। তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীরা তাদের ছয়টি পাঠ্যবই বিতরণের একটি নতুন নীতিমালা অনুযায়ী পড়বে। এই নীতিমালা অনুযায়ী এখন থেকে ১৯ ক্যাটাগরির প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিনামূল্যে বই দেয়া হবে। আগের মত প্রথম ও

দ্বিতীয় শ্রেণীর শিক্ষার্থীরাই কেবল সম্পূর্ণ নতুন বই পাবে। তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীরা তাদের ছয়টি পাঠ্য বইয়ের মধ্যে তিনটি নতুন ও তিনটি পুরনো ব্যবহারযোগ্য বই পাবে। এই তিন শ্রেণীর শিক্ষার্থীদের দেয়া বইগুলো আবার বছর শেষে ফেরত দিতে হবে। (২য় পৃষ্ঠা-এর কঃ ৩৫)

বিনামূল্যে বই

(প্রথম পৃঃ পর)

প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর সূত্রে জানা যায়, নতুন নীতিমালা অনুযায়ী প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে বই দেয়া হবে। সরকারি, রেজিস্টার্ড, কমিউনিটি ও পিটিআই সংলগ্ন বিদ্যালয় ছাড়াও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত প্রাথমিক বিদ্যালয় এবং অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি বিদ্যালয়, চা বাগানের ব্যবস্থাপনায় পরিচালিত বিদ্যালয়, এনজিও পরিচালিত বিদ্যালয়, পার্বত্য চট্টগ্রাম এলাকার মৌজা প্রধান পরিচালিত বিদ্যালয়, স্থানীয় সরকার পরিচালিত বিদ্যালয় এবং এনওএস শিও স্টীতে অধ্যয়নরত শিক্ষার্থীরা বিনামূল্যে বই পাবে। এছাড়া সমাজ কল্যাণ অধিদপ্তর পরিচালিত প্রতিবন্ধী স্কুল, রিচিং আউট অব স্কুল চিলড্রেন প্রকল্পের আওতায় 'আনন্দ' স্কুল ছাত্র-ছাত্রী, বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন পরিচালিত কিংবা অনুমোদিত বিদ্যালয়ের প্রাথমিক স্তরের শিক্ষার্থীরাও বিনামূল্যে বই পাবে।

উপজেলা শিক্ষা কর্মকর্তা কিংবা সহকারি উপজেলা শিক্ষা কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন করে অধ্যয়নরত শিক্ষার্থীদের যে তালিকা দেবেন, তার ভিত্তিতে বই সরবরাহ করা হবে। তবে কিতাব গার্টেন স্কুল ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অনুমোদিত নয় এমন প্রাথমিক বিদ্যালয়ে বই সরবরাহ করা হবে না। তারা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) থেকে বই কিনে নিতে পারবে।